Prudent management marks the affairs of Dinajpore Bank Ltd.—Hindusthan Standard.

নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান,

"দিনাজপুর ব্যাঙ্ক লিঃ"

( সিডিউল্ড ও ক্লিয়ারিং )

হেড অফিস :— ১১, ক্লাইভ রো, কলিকাতা

শাখাসমূহ :— জলপাইগুড়ি, রামপুরহাট, রায়গঞ্জ, জঙ্গিপুর, রাজসাহী, দিনাজপুর, পার্ব্বতীপুর, আলিপুর দুয়ার, ভবানীপুর ( কলিকাতা )

স্থায়ী আমানতের বিবরণ স্থানীয় ম্যানেজারের নিকট জ্ঞাতব্য

Managing Director :—J. M. Sen. Ex. M. L. C.

Registered No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

—○•○—

মণিগ্রামের প্রসিদ্ধ

কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন আবিষ্কৃত

সোণামুখী

কেশতৈল

কেশের জন্য সর্ব্বোৎকৃষ্ট। মূল্য প্রতি শিশি ১৲ টাকা

প্রাপ্তিস্থান—দশভুজা ঔষধালয়

মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম ( মুর্শিদাবাদ )

৩৫শে বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৬ই আশ্বিন বুধবার ১৩৫৫ ইংরাজী 22nd Sep. 1948 { ১৯শ সংখ্যা

নেতাজী সুভাষচন্দ্র কর্ত্তৃক

পরিদর্শিত ও প্রশংসিত

ক্রমবর্দ্ধনশীল

## নবজীবন ইন্সিওরেন্স কোং লিমিটেড

( ১৯৩১ সালে স্থাপিত )

বর্ত্তমানে সমস্ত বীমা কোম্পানীর প্রিমিয়ামের হার বর্দ্ধিত হইলেও এই কোম্পানীর হার বর্দ্ধিত হয় নাই। কোম্পানীর 'ব্যালান্স সিট' ইহার পরিচয় প্রদান করিবে।

গভর্ণমেন্ট সিকিউরিটি, রিজার্ভ ব্যাঙ্কে মজুত তহবিল এবং উপযুক্ত একচুয়ারী নিয়োগ কোম্পানীর স্থায়িত্বের দৃঢ়তা ও বীমাকারীদের সুবিধা প্রকাশ করিতেছে।

হেড অফিস : ৮০, নেতাজী সুভাষ রোড, কলিকাতা।

মুর্শিদাবাদ জেলার চীফ এজেন্ট :—

এস, ঘোষাল এণ্ড কোং-র নিকট অনুসন্ধান করুন।

## ১৯০৭--১৯৪৭

'স্বদেশী যুগে'র প্রারম্ভে রবীন্দ্রনাথের পৈতৃক ভবন, জোড়াসাঁকোর সুপ্রসিদ্ধ ঠাকুরবাড়ীতে রবীন্দ্রনাথ প্রমুখ কয়েকজন দেশপ্রাণ মনীষী 'হিন্দুস্থান'-এর গোড়াপত্তন করিয়াছিলেন। তাঁহাদের উদ্দেশ্য ছিল,—জীবন-বীমার দ্বারা ব্যক্তি ও জাতির আর্থিক-উন্নতি সাধন করা। এ বিষয়ে 'হিন্দুস্থান' পূর্ব্বাপর দেশবাসীর নিকট হইতে সর্ব্বান্তরিক সহযোগিতা লাভ করিয়া আসিতেছে এবং গত ৪১ বৎসরের জন-সেবায় ইহা আজ ভারতের অন্যতম সর্ব্ববৃহৎ বীমা-প্রতিষ্ঠানে পরিণত হইয়াছে। ১৯৪৭ সালের সোসাইটির অসামান্য সাফল্যেই তাহার পরিচয় পাওয়া যায়।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| নূতন বীমা | ... | ১২ | কোটি | ৩১ | লক্ষ | টাকার উপর |
| মোট চল্‌তি বীমা | ... | ৫৫ | ,, | ৬৩ | ,, | ,, ,, |
| প্রিমিয়ামের আয় | ... | ২ | ,, | ৬১ | ,, | ,, ,, |
| বীমা তহবিল | ... | ১০ | ,, | ৬৩ | ,, | ,, ,, |
| মোট সংস্থান | ... | ১১ | ,, | ৬৪ | ,, | ,, ,, |
| দাবী শোধ [ ১৯৪৭ ] | ... | প্রায় ৫৪ লক্ষ টাকা | | | | |

কিন্তু হিন্দুস্থানের গর্ব্ব তাহার এই সকল কোটি কোটি টাকার অঙ্কে নহে, সে যে তাহার অকুণ্ঠ সেবা দ্বারা অসংখ্য পরিবারের অর্থসংস্থান করিয়া দিতে পারিতেছে, ইহাই তাহার প্রকৃত গর্ব্বের বিষয়।

## হিন্দুস্থান কো-অপারেটিভ্

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

## বিজ্ঞাপন

এ বৎসর মুর্শিদাবাদ জিলায় বন্যা হইয়াছে। বন্যার জল কমিবার সঙ্গে সঙ্গে কলেরা, ম্যালেরিয়া প্রভৃতি মহামারী রূপে দেখা দিবার আশঙ্কা করা যায়। অতএব উক্ত ব্যাধির প্রতিষেধক হিসাবে কলেরার টিকা এবং ম্যালেরিয়ার ঔষধ ব্যাপকভাবে বিতরণের ব্যবস্থা করা হইয়াছে। উহা নিজ নিজ থানা সার্কেলের মহকুমা এবং জেলা স্বাস্থ্য কর্ম্মচারী অফিসে পাওয়া যাইবে। স্বাস্থ্য-কেন্দ্র হইতে গ্রামে গ্রামে কর্ম্মচারী যাইয়া কলেরার টিকা এবং ম্যালেরিয়ার প্রতিষেধক ঔষধ বিতরণ করিবেন।

স্বাক্ষর—ডাক্তার বিরজাগোবিন্দ দাস
ডিষ্ট্রীক্ট হেল্‌থ অফিসার
মুর্শিদাবাদ বহরমপুর



সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৬ই আশ্বিন বুধবার সন ১৩৫৫ সাল


## ভীষণ প্লাবন

—:০:—

দশ বৎসর পূর্ব্বে অর্থাৎ ১৩৪৫ সালে যেরূপ প্রবল বন্যা হইয়া এতদঞ্চলের অধিবাসিগণকে বিপন্ন করিয়াছিল, কত লোককে গৃহহারা ও সর্ব্বস্বহারা করিয়াছিল, এবার অর্থাৎ দশ বৎসর পর ১৩৫৫ সালে তদনুরূপ প্লাবনে মহকুমার বহু গ্রাম প্লাবিত হইয়া গ্রামবাসিগণকে তেমনি দুর্দ্দশাগ্রস্ত করিয়াছে। জঙ্গিপুর মহকুমায় এমন গ্রাম আছে, যেগুলি বৎসর বৎসর প্লাবিত হইয়া অধিবাসিগণকে তাহাদের বার্ষিক কর্ম্ম—গৃহত্যাগ করিতে অভ্যস্ত করিয়াছে। তাহারা বর্ষার আগমনের সঙ্গেই কোনও কোনও উচ্চ ভূমিতে গো-পো এবং যথাসর্ব্বস্ব লইয়া আশ্রয় গ্রহণ করে, বন্যার জল নামিয়া গেলে আবার স্বস্থানে গিয়া বসবাস করে। তাহাদের কথা স্বতন্ত্র। বিলম্বিত বন্যার জন্য আউস ধান্যগুলি গৃহস্থের গৃহজাত হইল। শ্রাবণ, ভাদ্র গিয়া আশ্বিন আসে আসে, এমন সময় দিন দিন জল বাড়িয়া ভাগীরথীর উভয় তীরবর্ত্তী গ্রামগুলিকে ডুবাইয়া দিল। ধান পাওয়ার জন্য লোকের খাদ্যাভাব না থাকিলেও, গৃহহারা হইয়া ছেলে, মেয়ে, গরু ও মহিষ লইয়া ডুবা অঞ্চলের লোক কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া পড়িল। দুটো চাল সিদ্ধ করিয়া ক্ষুন্নিবৃত্তি করিবার স্থান নাই।

জঙ্গিপুর মহকুমা ম্যাজিষ্ট্রেট শ্রীগৌরচন্দ্র মণ্ডল মহাশয় ও সার্কেল অফিসার শ্রীপ্রশান্তকুমার দাশগুপ্ত মহাশয় রঘুনাথগঞ্জ টাউন কংগ্রেসের সেক্রেটারী শ্রীঅমিয়মোহন রায় মহাশয়কে সঙ্গে লইয়া নৌকাযোগে বন্যা বিধ্বস্ত অঞ্চল পর্য্যবেক্ষণ করেন। তাঁহারা সঙ্গে কয়েক টিন কেরোসিন, কিছু চাউল ও মুড়ি লইয়া যাওয়ায় নিমজ্জমান অঞ্চলের অনেক উপকার হইয়াছে। উক্ত দুই জন অফিসার উক্ত মিউনিসিপালিটীর ডুবা অঞ্চল চেয়ারম্যান বাহাদুরকে সঙ্গে লইয়া কলার ভেলায় চড়িয়া পর্য্যবেক্ষণ করেন। অনেক গৃহহারাকে জঙ্গিপুর হাই স্কুল ও মাদ্রাসায় থাকিবার বন্দোবস্ত করিয়া দেওয়া হয়। তা' ছাড়া বহু ভদ্রলোক তাঁহাদের বাসভবনে অনেককে আশ্রয় দিয়া সহৃদয়তার পরিচয় দিয়াছেন। জল কমিতে আরম্ভ করিয়াছে। মহকুমা ম্যাজিষ্ট্রেট চারিখানি নৌকা বোঝাই করিয়া চাউল ও চিড়া-গুড় প্লাবিত অঞ্চলে স্থানীয় ভদ্রমহোদয়ের তত্ত্বাবধানে খরিদ দরে বিলি করিবার বন্দোবস্ত করিয়াছেন। প্রকৃতির উৎপীড়ন সহ্য করিব না এ কথা কেউ বলিতে পারে না। প্রতি নৌকায় সামান্য পরিমাণ চাউল বিতরণের জন্যও দেওয়া হইয়াছে।

—

## তোরা কে কে যাবি আয়!

—:×:—



( শিল্পী সঙ্ঘের সৌজন্যে )

শ্যামের বাঁশরী বাজে যমুনায়।
তোরা কে কে যাবি আয়,
তোরা কে কে যাবি আয়!
গহন বনে বাজে মোহন বাঁশরী,
ঘৃণা, লাজ, কুলভয় সকলি পাসরি।
মান, অভিমান, ত্যজি আয় কিশোরী।
হরি হরি স্মরি চল্ না ছুটে যাই॥
তোরা কে কে যাবি আয়!
কালার বাঁশের বাঁশী
কত যে গুণ ধরে,
বারেক বাজিলে
মন-প্রাণ-জ্ঞান হরে,
পারি না কোনরূপে
স্থির থাকিতে ঘরে,
জলের ছলে গিয়ে নেহারি শ্যাম রায়
তোরা কে কে যাবি আয়!

## পাকিস্থান হইতে আগত বাস্তুহারাদের সুযোগ

মুর্শিদাবাদ জেলার বহরমপুর সদর মহ-[illegible]র অধীন বহরমপুর টাউন অন্তর্গত ভৈরব [illegible]ীর তীরবর্ত্তী খামারপাড়া গ্রাম তদ্‌সংলগ্ন মুর্শিদাবাদ থানার অন্তর্গত নাভীচণ্ডীরামপুর হাসানপুর প্রভৃতি গ্রামের অধিবাসিবৃন্দ পাকিস্থানাগত বাস্তুহারাদের বাসস্থানের সুযোগ দিবার ব্যবস্থা করিয়াছেন।

বাসের জন্য প্রত্যেক কৃষক পরিবারকে ১০ কাঠা হইতে এক বিঘা আবশ্যক হইলে তাহার অধিক জমি বিনামূল্যে কেবলমাত্র সামান্য খাজনা লইয়া দেওয়া যাইবে এবং ঐ খাজনা ৫ বৎসরের জন্য মাপ করা হইবে। চাষের জন্য ২।৩ বিঘা করিয়া জমি ৩ বৎসরের জন্য বিনা ভাগে দেওয়া যাইবে। এতদ্‌-ব্যতীত প্রত্যেক কৃষক পরিবারকে চাষ করিবার জন্য আবশ্যক মত ভাগ প্রথায় জমি দিবার ব্যবস্থা করা হইবে। শিক্ষা সুবিধার জন্য স্থানীয় হাসানপুর স্কুলটিকে উচ্চ ইংরাজী স্কুলে উন্নীত করিবার চেষ্টা হইতেছে। নিঃসহায় বাস্তুহারাদিগের নির্দ্দিষ্ট সংখ্যক কতিপয় পরিবারকে সাময়িকভাবে আশ্রয় দেওয়া হইবে।

যাতায়াতের রাস্তা :—বহরমপুর হইতে দৌলতাবাদ ১০ মাইল পাকা রাস্তা। মোটর বাস চলে। দৌলতাবাদ হইতে উক্ত স্থানের দূরত্ব প্রায় ১ মাইল। নিম্নলিখিত ঠিকানায় অনুসন্ধান করুন। ২৮।৫।৫৫

শ্রীনৃত্যগোপাল সরকার
থাগড়া মুর্শিদাবাদ
মহারাজার কাছারী, খাগড়া পোঃ মুর্শিদাবাদ

শ্রীদেবেন্দ্রনাথ শিকদার খাগড়া কাঁসারীপাড়া
খাগড়া পোঃ মুর্শিদাবাদ

শ্রীযোগেন্দ্রনাথ চক্রবর্ত্তী, কাঠমাপাড়া লেন
খাগড়া পোঃ মুর্শিদাবাদ

শ্রীরাধিকাপ্রসাদ মণ্ডল, রামপুর গ্রাম,
দৌলতাবাদ পোঃ, মুর্শিদাবাদ

শ্রীবীরেন্দ্রকুমার রায়, হাসানপুর গ্রাম,
দৌলতাবাদ পোঃ, মুর্শিদাবাদ

---

## নোটীশ

—:০:—

মুর্শিদাবাদ জেলায় নিম্নলিখিত রুটসমূহে কয়েকখানি বাস মঞ্জুর করার প্রস্তাব করা হইয়াছে।

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | কান্দী হইতে ইন্দ্রানী (ভায়া কুলি)— | | ১ | খানি |
| ২। | ঐ | ,, বেলগ্রাম | ১ | ,, |
| ৩। | ঐ | ,, পাকুলিয়া | ১ | ,, |
| ৪। | ঐ | ,, সালার (ভায়া ভরতপুর) | ১ | ,, |
| ৫। | জঙ্গীপুর | ,, মুরাড়ই | ১ | ,, |
| ৬। | তিলডাঙ্গা হইতে খাজুরিয়া ঘাট | | ১ | ,, |
| ৭। | লালবাগ | ,, হরিরামপুর ঘাট | ১ | ,, |
| ৮। | বহরমপুর | ,, গড়দুয়ারাঘাট (ভায়া বেলডাঙ্গা) | ১ | ,, |
| ৯। | বহরমপুর | ,, সাগরপাড়া | ১ | ,, |
| ১০। | বহরমপুর | ,, কাতলামারি | ১ | ,, |
| ১১। | লালবাগ | ,, বামনাবাদ (ভায়া চুপাখালি) | ১ | ,, |
| ১২। | বহরমপুর | ,, জলঙ্গী (ভায়া সাগরপাড়া) | ১ | ,, |
| ১৩। | কান্দী | ,, পাঁচথুপী | ১ | ,, |
| ১৪। | লালগোলা | ,, কৃষ্ণপুর | ১ | ,, |

ট্রান্সপোর্ট ব্যবসায়ে স্বার্থ-সংশ্লিষ্ট ব্যক্তিগণের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে এবং তৎসমুদয় ১৯৪৮ সালের ৫ই অক্টোবর বা তৎপূর্ব্বে নিম্নস্বাক্ষরকারীর নিকট পৌঁছা চাই। পূর্ব্বে দাখিল করা দরখাস্ত সমূহ বিবেচিত হইবে না এবং যাঁহারা ইতিপূর্ব্বে আবেদন করিয়াছেন বা যাঁহাদিগকে অস্থায়ী পারমিট ইস্যু করা হইয়াছে তাঁহাদিগকে পুনরায় দরখাস্ত করিতে হইবে। নিম্নলিখিত ফরমে দরখাস্ত দাখিল করিতে হইবে :—

১। পুরা নাম
২। পিতার নাম
৩। বর্ত্তমান ঠিকানা
৪। দেশের ঠিকানা
গ্রাম পোঃ ও থানা জেলা
৫। বয়স ৬। শিক্ষাগত যোগ্যতা
৭। আশ্রয়প্রার্থী বা রাজনৈতিক নির্য্যাতিত কর্ম্মী কি না বিশদ বিবরণ উল্লেখ করিতে হইবে।
৮। যদি আশ্রয়প্রার্থী হন তাঁহার পাকিস্থানে কোনও ট্রান্সপোর্ট ব্যবসা ছিল কি না এবং কোন গাড়ী এখানে আনা হইয়াছে কি না দরখাস্তের সহিত দলিলগত প্রমাণ দাখিল করিতে হইবে।
৯। আর্থিক অবস্থা
১০। আবেদনকারী পশ্চিমবঙ্গে অন্য কোন এক বা একাধিক বাসের রেজিষ্টার্ড মালিক কি না, বাস বা বাসগুলির নম্বর উল্লেখ করিতে হইবে।
১১। পশ্চিমবঙ্গের বাসিন্দা কি না, যদি তাই হয় তবে কত দিন তিনি এখানে বাস করিতেছেন?

পেট্রোলের অবস্থানুযায়ী জেলা ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক উল্লিখিত রুটগুলির যে কোনটী পরিবর্ত্তন বা বাতিল করা হইতে পারে।

বিশেষভাবে জানাইয়া দেওয়া যাইতেছে যে ১৯৪৮ সালের ৫ই অক্টোবরের পর কোন দরখাস্তই গ্রাহ্য করা হইবে না।

২১শে সেপ্টেম্বর ১৯৪৮
বহরমপুর

এস, এম, মুখার্জ্জি
সেক্রেটারী,
রিজিওনাল ট্রান্সপোর্ট অথরিটি
মুর্শিদাবাদ রিজিওনাল।

---

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
মূল্য ছয় পয়সা
পণ্ডিত প্রেসে পাইবেন।

---

## NOTICE.

Is hereby given that the Annual General Meeting of the Murshidabad District Branch of the Indian Red Cross Society for 1948-49 will be held on Sunday, the 3rd October, 1948 at 2 P. M. in the Krishnath College School premises (Berhampore) to consider the following subjects :—

Members are requested to attend.

Agenda :—

1. To consider the Annual Report and Annual Accounts for the year 1947-48 and the Budget Estimates for the year 1948-49.

2. To elect the members of the Managing Body for the year 1948-49.

3. To appoint an Auditor for the District Branch, for the current year.

Sd/- K. M. Ghosh Moulik,
Honorary Organising Secretary,
Murshidabad District Branch,
Indian Red Cross Society.
Berhampore (West Bengal). 14. 9. 48.

N. B.—Members are requested to bring their membership cards or receipts showing payment of their subscription for the current year (1948) to enable them to participate in the deliberations of the meeting.

## সুলভ আয়ুর্ব্বেদীয় কুটীর

এই স্থানে আয়ুর্ব্বেদমতে তরুণ ও পুরাতন এবং বহুবিধ জটিল ব্যাধির চিকিৎসা হইয়া থাকে। যাঁহারা অন্যস্থানে চিকিৎসা করাইয়া কোনও ফল পান নাই সেই সব রোগীকে আমার চিকিৎসা পরীক্ষা করিতে অনুরোধ করি।

দি মডার্ণ আয়ুর্ব্বেদিক কার্য্যালয় ও বিদ্যালয়
হইতে উপাধি প্রাপ্ত
কবিরাজ শ্রীবৈদ্যনাথ চক্রবর্ত্তী,
এম, আয়ুর্ব্বেদজ্ঞ
গাজিন, পোঃ নুরপুর, ( মুর্শিদাবাদ )


## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।






# স্বরবল্লী

যে সব ডাক্তাররা
স্বরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।




সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

## দি ওয়ার্ম ইণ্ডিকা ( আমেরিকায় পরীক্ষিত )

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, ( মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত